

-২-

ঢাকা ওয়াসা

ক্রমিক নং-০১। সাঃপাঃশে (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনার কপি।
ক্রমিক নং-০২। আলোচ্য কাজের ক্যালকুলেশন ও প্রাক্কলন।

বিষয় : Repair, Maintenance & Painting work of all MS gate/ structures at SWTP.

১.০। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ একটি কেপিআই ভুক্ত প্রতিষ্ঠান। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ হতে প্রতিদিন প্রায় ২২.৫ কোটি লিটার পানি পরিশোধন করে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ “র”ওয়াটার পরিবহন, “ট্রিটেড”ওয়াটার ট্রান্সমিশন ও প্ল্যান্টের অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত। উল্লেখ্য যে, সায়েদাবাদ পানি শোধনাগার পরিদর্শনে প্রায়ই বিভিন্ন দাতা সংস্থার প্রতিনিধিগণ আসেন। এছাড়াও আমাদের দেশের বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রী, গবেষক, শিক্ষাবিদ এবং শিক্ষকগণ শিক্ষা সফরে অত্র স্থাপনাটি পরিদর্শনে আসেন। তাই উল্লেখিত স্থাপনাটি পরিষ্কার পরিচ্ছন্ন ও দৃষ্টি নন্দন রাখা গুরুত্বপূর্ণ। সরেজমিনে সাইট পরিদর্শন করে দেখা যায়, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর MS gate/ structures এর রং নষ্ট হয়ে সৌন্দর্য হ্রাস পাচ্ছে। এছাড়া MS gate/ structures এর কিছু অংশে মরিচা ধরেছে। তাই MS gate/ structures এর সৌন্দর্য এবং স্থায়ীত্বের স্বার্থে কাজটি করা জরুরী প্রয়োজন। কাজটি সম্পন্ন হলে MS gate/ structures এর স্থায়ীত্ব এবং সৌন্দর্য বৃদ্ধি পাবে।

১.১। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত ত্রয় কাজটি সীমিত দরপত্র পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-৬৭ এবং প্যাকেজ নং- W-21 তে অন্তর্ভুক্ত রয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ত্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

১.২। আলোচ্য কাজটি সম্পাদনের লক্ষ্যে পিডব্লিউডি-২০২২ এর সংশোধিত রেট সিডিউল এবং বর্তমান বাজার দর অনুযায়ী দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত করা হল (সংযুক্ত ক্রমিক নং-০২ দ্রঃ)। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাড়িয়েছে সর্বমোট টাঃ ৪,৯৮,৯৮৬.২০৩ (চার লক্ষ আটানব্বই হাজার নয়শত ছিয়াশি দশমিক দুই শূণ্য তিন টাকা মাত্র) টাকা। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ সাঃপাঃশে (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে Repair, Maintenance & Painting work of all MS gate/ structures at SWTP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪,৯৮,৯৮৬.২০৩ (চার লক্ষ আটানব্বই হাজার নয়শত ছিয়াশি দশমিক দুই শূণ্য তিন টাকা মাত্র) টাকার অনুমোদন।

গ) আলোচ্য ত্রয় সংক্রান্ত ব্যয় ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত (কোড ০১-০৪-০১১) হতে নির্বাহের অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


০১.০৭.২৫


হাফিজুলা খাতুন
উপ-সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।



০২/০৭/২৫

মোঃ শফিউল আলম
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।



০১-০৭-২৫

রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


০১/০৭/২৫


০১/০৭/২৫
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাঃপাঃশে সার্কেল, ঢাকা ওয়াসা।




০১/০৭/২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।